

রেডিওথেরাপী স্থাপনার_বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের জন্য বাংলাদেশ পরমাণু শক্তি
নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত 1ম প্রশিক্ষণ কোর্স
24-25 নভেম্বর 2015 ইং



আয়নায়গকারী বিকিরণ সোর্স/যন্ত্রপাতি ব্যবহারকারীদেরকে সুষ্ঠুভাবে কর্মকান্ড পরিচালনার জন্য পানিবিদ্য বিধিমালা 1997 অনুযায়ী প্রশিক্ষণের প্রয়োজন। দক্ষ বিশেষজ্ঞগণ বিকিরণ নিয়ন্ত্রণ কর্মসূচীর সাফল্যের মূল চালিকা শক্তি। বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তা তেজস্ক্রিয় পদার্থ/সোর্স যন্ত্রপাতি ইত্যাদি ব্যবহারের সাথে জড়িত ঝুঁকি, আইনগত চাহিদা , এবং নিজের দায়িত্ব ইত্যাদি সম্পর্কে ওয়াকিবহাল থাকবেন।

বিগত 24-25 নভেম্বর 2015 তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবনে আরসিও-দের জন্য রেডিওথেরাপী সংক্রান্ত একটি প্রশিক্ষণ কোর্স আয়োজন করে। আরসিও প্রশিক্ষণ কোর্সটিতে বাংলাদেশের বিভিন্ন জেলা ও উপজেলার (ঢাকা, সিলেট, চট্টগ্রাম) বিভিন্ন প্রতিষ্ঠান থেকে 18 জন প্রশিক্ষণার্থী অংশ গ্রহণ করেন। উল্লেখ্য যে, বাপশনিক প্রতিষ্ঠার পর 2013 সালে অনুষ্ঠিত 11টি প্রশিক্ষণ কোর্সে মোট 506 জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন এবং 2014 সালে অনুষ্ঠিত 14টি প্রশিক্ষণ কোর্সে 635 জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। 2015 সালের নভেম্বর মাস পর্যন্ত অনুষ্ঠিত মোট 11টি প্রশিক্ষণ কোর্সে 348 জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। বাপশনিক প্রতিষ্ঠার পর এ পর্যন্ত মোট 36টি উল্লেখিত প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে সর্বমোট 1489 (এক হাজার চারশত ঊনব্বই) জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেন।

12ই ফেব্রুয়ারী 2013 হতে 31 ডিসেম্বর 2014 সময়কালে আরসিও পরীক্ষায় অংশগ্রহণ করেন মোট 339 জন ও উত্তীর্ণ হয়ে মূল নতুন আরসিও সনদপত্র প্রাপ্ত হন মোট 292জন এবং 2015 সালের নভেম্বর মাস পর্যন্ত অনুষ্ঠিত আরসিও পরীক্ষায় অংশগ্রহণ করেন মোট 156 জন ও উত্তীর্ণ হয়ে মূল নতুন আরসিও সনদপত্র প্রাপ্ত হন মোট 132 জন। প্রশিক্ষার্থীদের মতামতের আলোকে কোর্সের সামগ্রিক মান উন্নয়নের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।